

💵 প্রশ্নোত্তরে সহজ তাওহীদ শিক্ষা

বিভাগ/অধ্যায়ঃ তাওহীদ সম্পর্কে প্রশ্ন এবং উত্তর রচয়িতা/সঙ্কলকঃ আব্দুল আলীম ইবনে কাওসার

২৮: অলী-আওলিয়ারা কি গায়েবের খবর জানেন? তারা কি মৃতকে জীবিত করতে পারেন?

একমাত্র আল্লাহ ছাড়া গায়েবের খবর আর কেউই জানে না। মহান আল্লাহ বলেন,

(الاعراف: ١٨٨) الاعراف: ١٨٨) ﴿ وَلُوا كُنتُ أَعِيلَمُ اللَّهَ اللَّهُ اللَّا اللَّهُ اللَّ اللَّهُ الللَّهُ الللَّهُ اللَّهُ اللَّلْمُلَّا اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ ا

﴿قُلِ ٱللَّهُ يُحابِيكُما ثُمَّ يُمِيتُكُم ثُمَّ يَجاهَعُكُم إِلَىٰ يَوامِ ٱلاَقِيِّمَةِ لَا رَبَابَ فِيهِ وَلُكِنَّ أَكَاثَرَ ٱلنَّاسِ لَا يَعالَمُونَ ٢٦ ﴾ [الجاثية: ٢٦]

"আপনি বলুন, আল্লাহই তোমাদেরকে জীবন দান করেন, অতঃপর মৃত্যু দেন। অতঃপর তিনিই তোমাদেরকে কিয়ামতের দিন একত্রিত করবেন, যে দিনের ব্যাপারে কোনো সন্দেহ নেই। কিন্তু অধিকাংশ মানুষ বুঝে না" (জাছিয়াহ ২৬)।

চার ইমামের সকলেই এ মর্মে একমত পোষণ করেছেন, যে ব্যক্তি দাবি করবে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম গায়েবের খবর রাখেন অথবা মৃতকে জীবিত করেন, সে মুরতাদ অর্থাৎ ইসলামের গণ্ডির বাইরে। কেননা সে এর মাধ্যমে আল্লাহ্র উপর মিথ্যারোপ করে। কারণ আল্লাহ তাঁর রাসূলকে মানুষ এবং জিন জাতিকে নিম্নোক্ত বাণী পৌঁছে দেওয়ার নির্দেশ দিয়েছেনঃ

(الانعام: ١٥٠) ﴿ قُل لَا أَقُولُ لَكُمْ اللّهِ وَلَا أَعِلَمُ اللّهِ وَلَا أَعُولُ لَكُمْ اللّهِ وَلَا أَقُولُ لَكُمْ اللّهِ وَلَا أَقُولُ لَكُمْ اللّهِ وَلَا أَقُولُ لَكُمْ اللّهِ وَلَا أَعْلَامُ اللّهِ اللهِ الله

﴿ إِنَّ ٱللَّهَ عِندَهُ ؟ عِلاَمُ ٱلسَّاعَةِ وَيُنَزِّلُ ٱلاَغَيادَثَ وَيَعالَمُ مَا فِي ٱللَّأَراكَ حَامِ ؟ وَمَا تَدارِي نَفاس ؟ مَّاذَا تَكاسِبُ غَذَا ؟ وَمَا تَدارِي نَفاس أَي بِأَيِّ أَراض تَمُوتُ ؟ إِنَّ ٱللَّهَ عَلِيمٌ خَبِيرُ ؟ ٣٤ ﴾ [لقمان: ٣٤]

"নিশ্চয় আল্লাহ্র কাছেই কিয়ামতের জ্ঞান রয়েছে। তিনিই বৃষ্টি বর্ষণ করেন এবং গর্ভাশয়ে যা থাকে, তা তিনি জানেন। কেউ জানে না যে, সে আগামীকাল কি উপার্জন করবে এবং কেউ জানে না যে, সে কোন্ দেশে মৃত্যুবরণ করবে। নিশ্চয়ই আল্লাহ সর্বজ্ঞ, সর্ববিষয়ে সম্যুক জ্ঞাত" (লুক্কমান ৩৪)।

তবে নবী সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম অদৃশ্যের খবর ঠিক ততটুকুই জানেন, যতটুকু আল্লাহ রাব্বুল আলামীন



তাঁকে জানান। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু 'আলাইহি ওয়াসাল্লাম কখনো এই দাবি করেননি যে, তিনি তাঁর কোনো সাহাবীকে অথবা তাঁর প্রয়াত কোনো সন্তানকে জীবিত করেছেন। আর যদি সর্বশ্রেষ্ঠ নবী ও অলীর দ্বারা এটি সম্ভব না হয়, তাহলে যারা তাঁর থেকে নিম্ন পর্যায়ের, তাদের দ্বারা এগুলি কিভাবে সম্ভব হতে পারে?!

Source — https://www.hadithbd.com/books/link/?id=1513

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন